



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১২১.২০২৩/৫৭৪/১৭

তারিখ: ১৭/০৩/২০২৪ খ্রি.

বিষয়ঃ বরগুনা জেলার সদর উপজেলাধীন আয়লা কলেজের সহকারী গ্রন্থাগারিক জনাব মো: মোশারেফ হোসেন-এর এমপিওভুক্তি সংক্রান্ত।


- সূত্র: ১. আঞ্চলিক কার্যালয়ের স্মারক নং-মাউশি/বরি/২০২৩/৫১৩; তারিখ: ২৭/০৭/২০২৩খ্রি.
২. মাউশি অধিদপ্তরের স্মারক নং- নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২ (অংশ-১).৩৫৯১; তারিখ: ২৫.০৬.২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার সদর উপজেলাধীন আয়লা কলেজের সহকারী গ্রন্থাগারিক জনাব মো: মোশারেফ হোসেন এমপিওভুক্তির নির্দেশনার জন্য আঞ্চলিক পরিচালক, বরিশাল-এর মাধ্যমে আবেদন করেন। আঞ্চলিক পরিচালক, বরিশাল উল্লেখ করেন যে, উক্ত প্রতিষ্ঠানটি শিক্ষা মন্ত্রণালয়ের ০৬.০৭.২০২২খ্রি. তারিখে কলেজটি এমপিওভুক্ত হয়। শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্তির লক্ষ্যে গঠিত জেলা কমিটি জনাব মো: মোশারেফ হোসেন-কে এমপিও এমপিও যোগ্য সুপারিশ করেছেন। কিন্তু নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় আঞ্চলিক যাচাই বাছাই কমিটি তাদের প্রত্যয়নে এমপিও যোগ্য নয় মর্মে উল্লেখ করেছে। ব্যানবেইস-এ অনলাইনের ডাটাবেসে ২০১৩ হতে ২০২২ সাল পর্যন্ত তার নাম রয়েছে।

জনাব মো: মোশারেফ হোসেন-এর নিয়োগকালীন সময়ে গ্রন্থাগার সমিতি কর্তৃক ডিপ্লোমা সনদ অর্জন করেন এবং পরবর্তীতে তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিপ্লোমা সনদ অর্জন করেন। সে প্রেক্ষিতে উল্লিখিত সহকারী গ্রন্থাগারিক-এর এমপিওভুক্তির বিষয়ে নভেম্বর/২০২৩ মাসের এমপিও সভায় উপস্থাপন করা হয়।

এমপিও সভার সিদ্ধান্তঃ “বরগুনা জেলার সদর উপজেলাধীন আয়লা কলেজের সহকারী গ্রন্থাগারিক জনাব মো: মোশারেফ হোসেন-এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় এমপিওভুক্তির সুযোগ নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।”

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে এমপিও সভার সিদ্ধান্ত মোতাবেক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় জনাব মো: মোশারেফ হোসেন, সহকারী গ্রন্থাগারিক-এর এমপিওভুক্তির সুযোগ নেই মর্মে বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।



(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

আয়লা কলেজ

সদর, বরগুনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, আয়লা কলেজ, সদর, বরগুনা;
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। জেলা শিক্ষা অফিসার, বরগুনা;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, বরগুনা;
- ৬। জনাব মো: মোশারেফ হোসেন, সহকারী গ্রন্থাগারিক, আয়লা কলেজ, সদর, বরগুনা;
- ৭। সংরক্ষণ নথি।